27

দৈনিক ইত্তেফাক
SEP. 0 1 1999


## আইডিয়াল ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি

(বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত)
রেজিঃ নম্বর ঃ বাকাশিবো/৯৯/৭৫২/৬০১
১৮০, পূর্ব তেজতুরী বাজার, ফার্মগেট, ঢাকা ।
(সরকারী বিজ্ঞান কলেজের দক্ষিণ-পূর্ব দিকে)

# ভর্তি বিজ্ঞপ্তি ১৯৯৯-২০০০

নিম্নলিখিত প্রোগ্রামসমূহে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | প্রোগ্রামের নাম | মেয়াদ | আসন |
|---|---|---|---|
| ১। | ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং- কম্পিউটার টেকনোলজি | ৩ বছর | ৪০ |
| ২। | বেসিক ট্রেড (কম্পিউটার অপারেটর) | ৬ মাস | ২০ |
| ৩। | হার্ডওয়্যার মেইনট্যান্যান্স ও ট্রাবল সুটিং | ৩ মাস | ২০ |
| ৪। | কম্পিউটার নেটওয়ার্কিং (LAN/WAN) | ৩ মাস | ১০ |

* আগে আসলে আগে- এই নীতিতে ভর্তি করা হবে। (ক্রমিক নং ২,৩ ও ৪)
* পরীক্ষাসমূহ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত হবে।
* কৃতকার্য ছাত্র/ছাত্রীদের কারিগরি শিক্ষা বোর্ড হতে সার্টিফিকেট প্রদান করা হবে। (ক্রমিক নং ১,২)।
* ডিপ্লোমা পাশের পর ঢাকা বি,আই,টি-তে বি,এস-সি ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ রয়েছে।
* ডিপ্লোমা পাশের পর দেশে/বিদেশে যে কোনো ইউনিভার্সিটিতে পড়ার সুযোগ রয়েছে।
* মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তির ব্যবস্থা এবং সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানে চাকুরীর ব্যবস্থা রয়েছে।

**বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।**

ফোনঃ ৮১২৩১৬, ৯১১৩৩৯৮,
০১৮২২০০৯১, ৯০০২২৫১

অধ্যক্ষ
প্রফেসর এমদাদুল হক চৌধুরী
(প্রাক্তন মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর)


দৈনিক ইত্তেফাক
SEP. 0 1 1999



*গতকাল মঙ্গলবার এ্যাপটেক মিরপুর সেন্টারের উদ্বোধন করেন অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী*
*- ভোরের কাগজ*

# মিরপুরে এ্যাপটেক কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন

**কাগজ প্রতিবেদক :** রাজধানীর মিরপুর এলাকার অধিবাসীদের হাতের কাছে সর্বাধুনিক প্রযুক্তির কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে এ্যাপটেক মিরপুরে একটি প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে। গতকাল মঙ্গলবার বিকালে মিরপুর ৬ নম্বর সেকশনে 'এ্যাপটেক মিরপুর সেন্টার'-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী।

অধ্যাপক চৌধুরী পরে এ্যাপটেক মিরপুর কেন্দ্রের কম্পিউটার প্রযুক্তিগুলো দেখেন। এ সময় তার সঙ্গে ছিলেন বিশেষ অতিথি ক্রিকেটার আতাহার আলী, এ্যাপটেকের কান্ট্রি ম্যানেজার তরুণ মিত্র, ব্যবস্থাপনা পরিচালক সাইফুল ইসলাম, মিরপুর কেন্দ্রের প্রধান মেজর (অব.) আমিন প্রমুখ। গতকাল থেকে এ্যাপটেক মিরপুর কেন্দ্রে ছাত্রভর্তির প্রক্রিয়াও শুরু হয়েছে।

এ্যাপটেকের এমডি সাইফুল ইসলাম বলেছেন, সদ্য চালু করা মিরপুরের প্রশিক্ষণ কেন্দ্রে কম্পিউটারে সর্বাধুনিক প্রযুক্তি রাখা রয়েছে। এসব প্রযুক্তির সাহায্যে যারা কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ নেবে, তাদের গুণগতমানও অনেক ভালো হবে।

প্রসঙ্গত, ঢাকা শহরে এ্যাপটেকের এ নিয়ে ৭টি প্রশিক্ষণ কেন্দ্রে চালু হলো।

সংশ্লিষ্ট কর্মকর্তারা আরো জানিয়েছেন, বিশ্বের ২৪টি দেশে এ্যাপটেকের ১২৫০টির বেশি সেন্টার রয়েছে। মানসম্মত প্রশিক্ষণ সেবার জন্য এ্যাপটেক স্বীকৃতিস্বরূপ আইএসও ৯০০১ সার্টিফিকেটও পেয়েছে। কানাডায় ওপেন ইউনিভার্সিটি অফ ব্রিটিশ কলম্বিয়া, যুক্তরাষ্ট্রের রিজেন্টস কলেজ, ভারতের ব্যাঙ্গালোর ইউনিভার্সিটি, ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি, মাইক্রোসফট করপোরেশন, আইবিএম, ওরাকল ইনকরপোরেশনসহ বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং টেকনোলজি লিডারদের সঙ্গে এ্যাপটেক যৌথ উদ্যোগে নানারকম ক্যারিয়ার সম্পর্কিত কম্পিউটার কোর্স প্রণয়ন করেছে।